SUMITOMO ELECTRIC

# CODE OF CONDUCT

# আচরণ বিধি




SUMITOMO ELECTRIC GROUP



# সুমিতোমো ভাবধারা

Banji-nissei
萬事入精

Shinyo-kakujitsu
信用確実

Fusu-furi
不趨浮利

এপ্রিল, 2018

**প্রিয় সহকর্মীগণ,**

120 বছরের বেশি সময় জুড়ে থাকা একটি গর্বিত ইতিহাস সমেত সুমিতোমো ইলেকট্রিক গ্রুপ (Sumitomo Electric Group, “SEG”) এর ব্যবসা পরিচালনার একটি দীর্ঘ ঐতিহ্য আছে যার মূলনীতিগুলি সুমিতোমো ভাবধারার সাথে সঙ্গতিপূর্ণ। আমরা আমাদের কাজে উৎকর্ষতার জন্য কঠোর চেষ্টা করি, এবং আমাদের ব্যবসা পরিচালনায় সততার জন্য কঠোর চেষ্টা করি শুধুমাত্র আইন ও বিধিনিয়মের আক্ষরিক অর্থ ও সারমর্ম মেনেই নয়, বরং সর্বোচ্চ নৈতিক মানদন্ড অনুসারেও আমরা কাজ করি।

400 বছর আগে গড়ে ওঠা, সুমিতোমো ভাবধারার মূলনীতিগুলি আমাদের প্রতিদিনকার কাজকর্মগুলিকে নির্দেশনা দেয়। আমাদের সকলকে আমাদের কাজে সুমিতোমো ভাবধারা প্রদর্শন করতে হয়।

- **Banji-nissei –** শুধুমাত্র কাজের ক্ষেত্রেই নয় বরং আপনার জীবনের প্রতিটি ক্ষেত্রে সর্বোত্তমভাবে আন্তরিক হোন।
- **Shinyo-kakujitsu –** সততা ও সুপরিচালনার উপরে গুরুত্ব আরোপ করুন।
- **Fusu-furi –** সহজ লাভের জন্য কখনো সততাকে বিসর্জন দেবেন না।

আমাদের বোর্ড অফ ডাইরেক্টরদের দ্বারা অনুমোদিত এই আচরণ বিধি সুমিতোমো ভাবধারার উপরে গড়ে ওঠে এবং আমাদের প্রত্যেকের কাছ থেকে প্রত্যাশিত আচরণের মানদন্ডগুলিকে নির্ধারণ করে এবং সততার সাথে ব্যবসা পরিচালনায় আমাদের নির্দেশনা দিয়ে সাহায্য করে। যদিও এটি প্রতিটি পরিস্থিতিকে অন্তর্ভুক্ত করতে পারে না, তবুও নৈতিক সিদ্ধান্তগুলি নেওয়ার জন্য আপনার প্রয়োজনীয় সংস্থানগুলি এটি আপনাকে প্রদান করে।

আমাদের সমগ্র দলটি যে আইন ও বিধিনিয়মগুলি মেনে চলে তা সুনিশ্চিত করার ক্ষেত্রে, SEG এর সদস্য হিসাবে আমরা প্রত্যেকে একটি গুরুত্ব ভূমিকা নিই। আমাদের প্রত্যেকে বিধিটি ও এতে উল্লিখিত সকল নীতিগুলি জানা, বোঝা, ও মেনে চলার জন্য দায়িত্বশীল থাকি।

আমি আপনাদের সকলকে সুমিতোমো ভাবধারা ও এই আচরণ বিধি অনুসারে ব্যবসা পরিচালনা করার প্রতি একটি ব্যক্তিগত অঙ্গীকার করতে বলি। আপনার কাজে এই বিধিটির উল্লেখ করুন, সুবিবেচনা অবলম্বন করুন, এবং আপনার অতিরিক্ত সহায়তার প্রয়োজন হলে নির্দেশনা চান। আপনার প্রশ্ন থাকলে বা উদ্বেগ উত্থাপন করতে চাইলে আপনি যেতে পারেন এমন একাধিক জায়গা SEG আপনাকে প্রদান করে, যার অন্তর্ভুক্ত হল আপনার সুপারভাইজার, আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী (Local Compliance Liaison), এবং আইন বিভাগ (Legal Department), একই সাথে জাপানের মান্যতা ও ঝুঁকি পরিচালন দপ্তর (Compliance & Risk Management Office)।

আমরা যেহেতু আমাদের ব্যবসা বৃদ্ধি করার উপরে মনোযোগ বজায় রাখি, সেহেতু সততার সাথে ব্যবসা করার কথাও আমাদের অবশ্যই মনে রাখতে হবে। আপনি প্রতিদিন SEG এর জন্য যে কাজ করেন তার জন্য, এবং সেই কাজ সুমিতোমো ভাবধারা মেনে করার প্রতি আপনার অঙ্গীকারের জন্য আপনাকে ধন্যবাদ জানাই।



**Osamu Inoue**
প্রেসিডেন্ট ও COO (President & COO)
Sumitomo Electric Industries, Ltd.

# সূচিপত্র

**বিধিটির প্রতি আমাদের অঙ্গীকার**

আমাদের বিধি....5

বিধিটি কাদের জন্য প্রযোজ্য? ....5

যদি বিধিটির একটি নীতি আমার স্থানীয় আইনের থেকে ভিন্ন হয় তাহলে কী হয়? ....5

আমাদের মান্যতা ও নৈতিকতা সংক্রান্ত কর্মসূচি....5

আমাদের দায়িত্ব ....5

সুপারভাইজার ও নেতৃত্বকারীদের দায়িত্ব .... 6

নির্দেশনা চাওয়া ও উদ্বেগগুলি সম্পর্কে রিপোর্ট করা .... 6

নির্দেশনা চাওয়া .... 6

উদ্বেগগুলি উত্থাপন করা.... 6

হটলাইন....7

কোনো প্রতিহিংসা নয় ....7

একটি রিপোর্ট পাওয়ার পরে....7

লঙ্ঘনের জন্য জরিমানা....7

**নৈতিকতাপূর্ণ ব্যবসায়িক আচরণের প্রতি আমাদের অঙ্গীকার**

আইন মেনে চলা.... 8

ন্যায্য ও সৎ লেনদেন.... 8

আমরা আস্থা-বিরোধী ও প্রতিযোগিতা আইন (Antitrust and Competition Laws) মেনে চলি.... 8

আমরা ঘুষ দিই না বা নিই না .... 9

উপহার ও বিনোদন ....10

সরকারের সাথে লেনদেন ....11

আন্তর্জাতিক বাণিজ্য....11

ইনসাইডার ট্রেডিং ....12

রাজনৈতিক অবদান ও কাজকর্ম....13

**কোম্পানির প্রতি আমাদের অঙ্গীকার**

কোম্পানির বই ও রেকর্ড ....13

স্বার্থের সংঘাত....13

কোম্পানির সম্পত্তির সুরক্ষাদান ও যথাযথ ব্যবহার এবং জালিয়াতি প্রতিরোধ....14

গোপনীয় তথ্য ও অন্যান্য মেধা স্বত্ব....15

ইন্টারনেট এবং তথ্য আদানপ্রদান প্রযুক্তির ব্যবহার....15

গণমাধ্যম ও অন্যান্যদের সাথে যোগাযোগ করা ....16

**আমাদের মানুষ ও আমাদের পরিবেশের প্রতি আমাদের অঙ্গীকার**


একে অপরের প্রতি সম্মান দেখানো....17
বৈষম্য এবং হয়রানি বিরোধী....17
কর্মচারীর গোপনীয়তা ও ব্যক্তিগত তথ্য....17
কর্মস্থলের নিরাপত্তা....18
গুণমান....18
পরিবেশগত মান্যতা....18
মানবাধিকার....18

**আমি কোথায় যেতে পারি?**....19




# বিধিটির
প্রতি আমাদের অঙ্গীকার



## আমাদের বিধি

বিধিটি হল আমাদের ভাগ করে নেওয়া মূল্যবোধের একটি বিবৃতি এবং এমন আচরণের মানদন্ড যা আমাদের প্রত্যেকের থেকে আশা করা হয়। এটি মৌলিক মূলনীতি ও প্রধান নীতিগুলিকে বর্ণনা করে যা আমরা যেভাবে ব্যবসা পরিচালনা করি তা নিয়ন্ত্রণ করে। কারণ আমাদের সাফল্য আমাদের সুনামের উপরে নির্ভর করে, অনেক ক্ষেত্রেই, এই বিধিতে উল্লিখিত নীতিগুলি আইনের আবশ্যকতাকে অতিক্রম করে।

বিধিটি যত্ন সহকারে পড়া এবং আপনি যে বিধিটি বোঝেন এবং আমাদের কোম্পানির সাফল্যের জন্য বিধিটির গুরুত্ব বোঝেন তা আপনার নিশ্চিত করা উচিত। আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার সুপারভাইজার বা এই বিধিতে সনাক্ত করা অন্যান্য সহায়কদের সাথে কথা বলুন।

### বিধিটি কাদের জন্য প্রযোজ্য?

বিধিটি কোম্পানির প্রতিটি স্তরের, সকল কর্মচারী, অফিসার, এবং ডাইরেক্টরদের জন্য প্রযোজ্য হয়, নিয়ন্ত্রিত অধীনস্থ সংস্থা ও পরিচালনাকারী কোম্পানিগুলির কর্মচারীরা যার অন্তর্ভুক্ত। আমরা এও আশা করি যে আমাদের সাথে ব্যবসা পরিচালনা করার সময়ে আমাদের ব্যবসা সহযোগীরা এমন একটি উপায়ে কাজ করবেন যা আমাদের বিধির মূলনীতিগুলির সাথে সঙ্গতিপূর্ণ।

### যদি বিধিটির একটি নীতি আমার স্থানীয় আইনের থেকে ভিন্ন হয় তাহলে কী হয়?

একটি বিশ্বজনীন সংস্থা হিসাবে, এমন সময়গুলি আসতে পারে যখন একটি স্থানীয় আইন বা অন্যান্য আইনি আবশ্যকতা এই বিধিতে নির্ধারণ করা মানদন্ডগুলির থেকে ভিন্ন হয়, বা আপনি এমনকিছুর অধীন হন যা আইনি আবশ্যকতাগুলির সাথে সংঘাত সৃষ্টি করছে বলে মনে হয়। আমরা সর্বদা প্রযোজ্য আইনগুলি মেনে চলি। আপনি যদি আমাদের বিধি এবং আইনটির মধ্যে একটি সম্ভাব্য সংঘাত সম্পর্কে সচেতন হন, তাহলে সহায়তার জন্য আইন বিভাগের সাথে যোগাযোগ করুন।

## আমাদের মান্যতা ও নৈতিকতা সংক্রান্ত কর্মসূচি

আমাদের মান্যতা ও নৈতিকতা সংক্রান্ত কর্মসূচি হল সুমিতোমো ভাবধারা অনুযায়ী ব্যবসা করার প্রতি আমাদের অঙ্গীকারের আর একটি উদাহরণ। কর্মসূচিটির কিছু সরল কিন্তু গুরুত্বপূর্ণ লক্ষ্য আছে - যাতে আইনটি কী চায় আমাদের প্রত্যেককে তা বুঝতে সাহায্য করা যায় এবং মেনে চলতে আমাদের সাহায্য করার জন্য সংস্থানগুলি প্রদান করা যায়। আমাদের মান্যতা ও নৈতিকতা সংক্রান্ত কর্মসূচি নজরদারী করার জন্য SEG মান্যতা কমিটির দ্বারা পরিচালিত মান্যতা ও ঝুঁকি পরিচালন দপ্তরের প্রাথমিক কর্তৃত্ব ও দায়িত্ব আছে। এছাড়াও, আমাদের গ্রুপ কোম্পানিগুলির প্রতিটিতে একজন স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী (Local Compliance Liaison) আছেন যিনি কর্মসূচিটিতে সহায়তা করেন, এবং যিনি আপনাদের প্রত্যেকের একজন সহায়ক হিসাবে কাজ করেন। বিধিটি কর্মসূচিটির এবং ব্যবসায়িক নৈতিকতার প্রতি কোম্পনির অঙ্গীকারবদ্ধতার একটি গুরুত্বপূর্ণ অংশ।

## আমাদের দায়িত্ব

আমাদের প্রত্যেককে অবশ্যই নিম্নলিখিতগুলি মেনে চলতে হবে:

- এই বিধিটি এবং আপনার কাজের ক্ষেত্রে প্রযোজ্য কোম্পানির নীতিগুলি পড়ুন ও বুঝুন।
- আইনটি, এই বিধিটি, এবং কোম্পানির নীতিগুলির আক্ষরিক অর্থ ও সারমর্ম মেনে চলুন।
- বিধিটি, প্রযোজ্য আইন, বা কোম্পানির নীতিগুলির জ্ঞাত বা সন্দিগ্ধ লঙ্ঘনগুলি সম্পর্কে আপনার সুপারভাইজার বা এই বিধিতে সনাক্ত করা অন্যান্য সহায়কদের জানান।
- আপনার সাহায্যের প্রয়োজন হলে আপনার সুপারভাইজার, আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী, আইন বিভাগ, মানব সম্পদ, বা বিধিটিতে সনাক্ত করা অন্যান্য সহায়গুলির কাছ থেকে নির্দেশনা চান।
- কোম্পানির তদন্ত, নিরীক্ষা, এবং অন্যান্য পর্যালোচনার ক্ষেত্রে সহযোগিতা করুন।

## সুপারভাইজার ও নেতৃত্বকারীদের দায়িত্ব

আপনি যদি কোম্পানির একজন সুপারভাইজার বা নেতৃত্বকারী হন, তাহলে আমাদের বিধি ও সুমিতোমো ভাবধারায় প্রতিফলিত মূল্যবোধগুলি প্রদর্শন করার এবং তা করার ক্ষেত্রে আমাদের কর্মচারীদের সহায়তা করার একটি বিশেষ বাধ্যবাধকতা আপনার আছে। আমাদের কোম্পানির সুপারভাইজার ও নেতৃত্বকারীদের অবশ্যই নিম্নলিখিতগুলির প্রতি অঙ্গীকারবদ্ধ হতে হবে:

- **একটি "সোচ্চার হওয়ার" সংস্কৃতি সৃষ্টি করুন।** এমন একটি কর্মস্থল বজায় রাখুন যেখানে কর্মচারীরা প্রশ্ন জিজ্ঞাসা করতে ও উদ্বেগগুলি উত্থাপন করতে স্বাচ্ছন্দ্য বোধ করেন।

- **একজন পথিকৃৎ হয়ে উঠুন।** বিধিটি ও সুমিতোমো ভাবধারা অনুযায়ী ব্যবসা করার একটি দৃষ্টান্ত তুলে ধরুন।

- **মান্যতা ও নৈতিকতা সংক্রান্ত কর্মসূচি সমর্থন করুন।** কর্মচারীদের বিধিটি দেখতে উৎসাহিত করুন; যাতে আপনি যাদের সাথে কাজ করেন তারা যে তাদের চাকরির ক্ষেত্রে প্রযোজ্য নীতিগুলির সাথে পরিচিত আছেন তা সুনিশ্চিত করা যায়; কোম্পানির মান্যতা সংক্রান্ত প্রশিক্ষণ ও তথ্য আদান-প্রদানে সহায়তা করুন; এবং আপনার এলাকায় মান্যতা ও নৈতিকতা সংক্রান্ত কর্মসূচি বাস্তবায়নে সহায়তা করুন।

- **মন দিয়ে শুনুন ও নির্দেশনা দিন।** যে সকল কর্মচারী উদ্বেগ তুলে ধরতে ও প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে আপনার কাছে আসেন তাদের কাছে উপস্থিত হোন। নৈতিক সিদ্ধান্তগুলি নিতে কর্মচারীদের সহায়তা করুন।

- **উপযুক্ত বিভাগের কাছে উদ্বেগগুলি প্রেরণ করুন।** আপনি যদি সন্দিগ্ধ অসদাচারণ সম্পর্কে সচেতন হন, তাহলে বিষয়টি আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী, আইন বিভাগ, মানব সম্পদ, বা বিধিটিতে সনাক্ত করা অন্যান্য সহায়গুলিকে জানান।

## নির্দেশনা চাওয়া ও উদ্বেগগুলি সম্পর্কে রিপোর্ট করা

### নির্দেশনা চাওয়া

উদ্ভূত হতে পারে এমন প্রতিটি পরিস্থিতিকে এই বিধিটি উদ্দেশ করতে পারে না। আইন বা কোম্পানির নীতি কী চায় সে সম্পর্কে আপনি অনিশ্চিত হলে, বা আপনি একটি কঠিন নৈতিক পরিস্থিতির মধ্যে পড়লে, আপনার কাছে উপলব্ধ অনেকগুলি সহায়ের মধ্যে থেকে কোনো একটির নির্দেশনা চান, আপনার সুপারভাইজার, আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী, আইন বিভাগ, বা মানব সম্পদ যার অন্তর্ভুক্ত।

### উদ্বেগগুলি উত্থাপন করা

আপনি যদি আইনটি, বিধিটি, বা আমাদের কোম্পানির নীতিগুলির একটি সন্দিগ্ধ বা প্রকৃত লঙ্ঘন সম্পর্কে সচেতন হন, তাহলে এটি রিপোর্ট করার একটি দায়িত্ব আপনার আছে। অসদাচারণ বা অন্যান্য উদ্বেগগুলি সম্পর্কে রিপোর্ট করলে তা আমাদের কোম্পানি, আপনার সহকর্মী, ও আমাদের জনসমাজগুলিকে সুরক্ষিত করতে সাহায্য করে। আমাদের কোম্পানি আপনাকে একাধিক উপায় প্রদান করে যেখানে আপনি একটি উদ্বেগ সম্পর্কে রিপোর্ট করতে পারেন, যার অন্তর্ভুক্ত হল:

- আপনার সুপারভাইজার
- আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী
- আইন বিভাগ
- মানব সম্পদ
- হটলাইন (অভ্যন্তরীণ/বহিঃস্থ)

**প্রঃ** আমি এমনকিছু নিয়ে অস্বাচ্ছন্দ্যবোধ করি যা কর্মস্থলে ঘটছে, কিন্তু আমাদের বিধিটি যে লঙ্ঘিত হচ্ছে এমন কোনো দৃঢ় প্রমাণ আমার কাছে নেই। আমার কী করা উচিত?

**উঃ** আপনার নির্দেশনা চাওয়া উচিত, বা বিধিটিতে বর্ণিত সহায়গুলি ব্যবহার করে আপনার উদ্বেগ রিপোর্ট করুন। আপনি যদি অপেক্ষা করেন, তাহলে একটি সম্ভাব্য লঙ্ঘন থেকে কোম্পানি বা অন্যান্যদের ক্ষতি প্রতিরোধ করতে খুব বেশি দেরী হয়ে যেতে পারে। কোম্পানিটি যথাযথভাবে বিষয়গুলির তদন্ত করবে।

**হটলাইন**

আমাদের কোম্পানি কর্মচারীদের একটি হটলাইন প্রদান করে যেটিতে তারা সন্দিগ্ধ অসদাচারণ সম্পর্কে রিপোর্ট করা বা কোম্পানির নীতি বা প্রযোজ্য আইন সংক্রান্ত নির্দেশনা চাওয়ার জন্য ফোন করতে বা ইমেল পাঠাতে পারেন।

অধিকাংশ জায়গায়, কর্মচারীরা পরিচয় না জানিয়ে হটলাইনে যোগাযোগ করতে পারেন। কিছু দেশে হটলাইনগুলিকে নিয়ন্ত্রণকারী আইনগুলি ভিন্ন হয় এবং কখনো কখনো বেশি বাধাদায়ক হয়। এইসকল ক্ষেত্রে, আপনি রিপোর্ট করতে পারেন কিনা, এবং তা করতে পারলে, আপনি যে দেশে অবস্থান করেন সেখান থেকে কীভাবে রিপোর্ট করতে হয় সে সম্পর্কে আরো তথ্যের জন্য এই বিধিতে বর্ণিত সহায়, আপনার কোম্পানির অভ্যন্তরীণ নির্দেশনাদানকারী, বা আপনার স্থানীয় ইন্ট্রানেট সাইটগুলির থেকে আপনার পরামর্শ নেওয়া উচিত।

**কোনো প্রতিহিংসা নয়**

সৎ বিশ্বাস নিয়ে সন্দিগ্ধ অসদাচারণ সম্পর্কে রিপোর্ট করার জন্য আমাদের কর্মচারীদের বিরুদ্ধে প্রতিহিংসাকে আমাদের কোম্পানি নিষিদ্ধ করে। আপনি যদি প্রতিহিংসা সম্পর্কে সচেতন হন (আপনার বা অন্য একজন কর্মচারীর বিরুদ্ধে), তাহলে আইন বিভাগ বা বিধিটিতে সনাক্ত করা অন্যান্য সহায়গুলির যে কোনোটিকে এটি অবিলম্বে জানান। আমাদের কোম্পানি বিষয়টির তদন্ত করবে এবং উপযুক্ত পদক্ষেপ নেবে।

**একটি রিপোর্ট পাওয়ার পরে**

সন্দিগ্ধ অসদাচারণের রিপোর্টগুলির তদন্ত যথাযথভাবে করা হবে এবং যথাসম্ভব গোপনীয়তা সহকারে বিবেচনা করা হবে। আপনার নিজের তদন্ত আপনার করা উচিত নয়। তদন্তগুলিতে প্রায়শই জটিল আইনি বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকে, এবং আপনি নিজে পদক্ষেপ নিলে তা একটি তদন্তকে বিপন্ন করতে পারে এবং আপনার ও কোম্পানির উভয়ের উপরেই নেতিবাচক প্রভাব পড়তে পারে।

## লঙ্ঘনের জন্য জরিমানা

প্রযোজ্য আইনের অধীনে, কোম্পানির কর্মচারী যারা আইনটি, এই বিধি, বা কোম্পানির নীতিগুলি লঙ্ঘন করেন, চাকরি থেকে বরখাস্তকরণ পর্যন্ত ও সহ, তাদের প্রতি শাস্তিমূলক পদক্ষেপ নেওয়া হতে পারে। এছাড়াও, কোনো সুপারভাইজার যিনি একটি লঙ্ঘনের নির্দেশ দেন বা তা অনুমোদন করেন, বা লঙ্ঘন সম্পর্কে অবগত হওয়া সত্ত্বেও এটি অবিলম্বে রিপোর্ট করেন না, তার প্রতি শাস্তিমূলক পদক্ষেপ নেওয়া হতে পারে।

# নৈতিকতাপূর্ণ ব্যবসায়িক আচরণের
প্রতি আমাদের অঙ্গীকার



### আইন মেনে চলা

আমাদের কোম্পানির ব্যবসায়িক কাজকর্মগুলি প্রচুর সংখ্যক আইন, বিধিনিয়ম, এবং বিশ্বব্যাপী বলবৎকরণ কাজকর্মগুলির অধীন। আমরা যে আইনি ও নিয়ন্ত্রণমূলক ভূভাগের মধ্যে কাজ করি তা অত্যন্ত চ্যলেঞ্জপূর্ণ। আমাদের কোম্পানিতে, আমরা বুঝি যে প্রযোজ্য আইন মেনে চলা আমাদের জনসমাজগুলির প্রতি আমাদের বাধ্যবাধকতার একটি গুরুত্বপূর্ণ অংশ। আমাদের ক্ষেত্রে প্রযোজ্য আইন ও বিধিনিয়মগুলি মেনে চলার প্রতি আমরা অঙ্গীকারবদ্ধ।

### ন্যায্য ও সৎ লেনদেন

আমরা সততা ও ন্যায়পরায়ণতার সাথে ব্যবসা করি। আমরা আমাদের ক্রেতা, সরবরাহকারী, প্রতিযোগী, কর্মচারী, নিয়ন্ত্রক, বা অন্য যে কারো সাথে ন্যায্যভাবে লেনদেন করি। আমরা অসততা বা অন্যায্য ব্যবসায়িক অনুশীলনের মাধ্যমে অপরের থেকে অন্যায্য সুবিধা নিই না। আমরা এমন সামগ্রী তৈরি করি ও পরিষেবা প্রদান করি যেগুলি নিয়ে আমরা গর্ববোধ করতে পারি। বিপণনের সময়ে, আমাদের পণ্য ও পরিষেবাগুলিকে আমরা একটি ন্যায্য ও নির্ভুল উপায়ে বর্ণনা করি।

### আমরা আস্থা-বিরোধী ও প্রতিযোগিতা আইন (ANTITRUST AND COMPETITION LAWS) মেনে চলি

কোম্পানি এটির সকল ব্যবসায়িক কাজকর্মে সক্রিয়ভাবে প্রতিযোগিতা করলেও, বাজারে এটির প্রয়াসগুলিকে অবশ্যই প্রযোজ্য আস্থা-বিরোধী ও প্রতিযোগিতা আইন অনুসারে পরিচালিত হতে হবে। সবচেয়ে বেশি গুরুতর কিছু আস্থা-বিরোধী অপরাধ হল প্রতিযোগীদের মধ্যে হওয়া চুক্তি যা একটি সংস্থার স্বাধীন বিচক্ষণতাকে সীমাবদ্ধ করে, যেমন দর বেঁধে দেওয়া, উৎপাদ সীমাবদ্ধ করা, গুণমানসম্পন্ন পণ্য নিয়ন্ত্রণ করা, বা ক্রেতা, অঞ্চল, বা পণ্যগুলির জন্য একটি বাজারকে ভাগ করে নেওয়ার চুক্তিগুলি। আপনার কোনো প্রতিযোগীর সাথে এই ধরনের কোনো বিষয়ে সম্মত হওয়া উচিত নয়, যেহেতু এইসকল চুক্তিগুলি বস্তুত সর্বদা বেআইনি হয় এবং কোম্পানির নীতিকে লঙ্ঘন করে।

বেআইনি চুক্তিগুলি লিখিতভাবে হওয়া বা এমনকি একটি স্পষ্টরূপে ব্যক্ত করা চুক্তি হওয়া আবশ্যক নয়। আদালত বিধিবহির্ভূত আলোচনাগুলির উপর ভিত্তি করে চুক্তিগুলি সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারে বা প্রতিযোগীদের মধ্যে নিছক তথ্য বিনিময়ের ফলস্বরূপ একটি বেআইনি চুক্তি সৃষ্টি হতে পারে।

আমাদের প্রতিযোগীদের সাথে জনসমক্ষে অপ্রকাশ্য প্রতিযোগিতাপূর্ণভাবে সংবেদনশীল তথ্য আলোচনা বা বিনিময় না করার ব্যাপারে যত্নশীল হোন যেমন:

- চলতি বা ভবিষ্যত দাম, মুনাফার সীমা বা দাম ধার্য করার কৌশল এবং দাম-সম্পর্কিত পরিভাষাগুলি (সারচার্জ, ডিসকাউন্ট, রিবেট)
- সুনির্দিষ্ট পণ্যগুলির প্রসঙ্গে দাম সংক্রান্ত বিশদ তথ্য (যেমন গুরুত্বপূর্ণ যোগানের সাথে সম্পর্কযুক্ত)
- সুনির্দিষ্ট ক্রেতাদের সাথে দরদাম করার ক্ষেত্রে কোম্পানির পদক্ষেপকে প্রকাশ করে, সুনির্দিষ্ট ক্রেতাদের প্রতি লক্ষ্য নেয় এমন কৌশলগত তথ্য, বা অনুরূপ কার্যকৌশলগত কাজকর্ম
- প্রতিযোগিতাপূর্ণভাবে সংবেদনশীল নতুন পরিষেবার প্রস্তাবগুলি, বিপণন এবং পণ্য পরিকল্পনা সংক্রান্ত বিবরণ
- কর্মচারীদের পারিশ্রমিক বা সুবিধাগুলি সংক্রান্ত তথ্য

প্রতিযোগীদের একত্রে আনার মাধ্যমে, বাণিজ্য সমিতিগুলি আস্থা-বিরোধী উদ্বেগ সৃষ্টি করতে পারে, এমনকি এই ধরনের দলগুলি অনেক বৈধ লক্ষ্য পূরণ করতে পারলেও। একটি বাণিজ্য সমিতিতে যোগ দেওয়ার আগে বা প্রতিযোগিতাপূর্ণভাবে সংবেদনশীল তথ্য আলোচিত হতে পারে এমন মিটিংগুলিতে উপস্থিত হওয়ার আগে আপনাকে অবশ্যই আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী বা আইন বিভাগকে জানাতে হবে। আমাদের কোম্পানির বিস্তারিত প্রণালী আছে যা এইসকল পরিস্থিতিগুলিকে নিয়ন্ত্রণ করে। অতিরিক্ত তথ্যের জন্য প্রতিযোগিতা আইন মেনে চলার জন্য নিয়মগুলির পরামর্শ নিন।

আস্থা-বিরোধী ও প্রতিযোগিতা আইনের অধীনে অন্যান্য যে কাজকর্মগুলি উদ্বেগ সৃষ্টি করতে পারে সেগুলি হল:

- একজন সরবরাহকারীর সাথে চুক্তি করা যাতে সেই সরবরাহকারী কোম্পানির প্রতিযোগীর কাছে তার বিক্রয়কে সীমিত করে।
- বন্টনকারী বা বাণিজ্যিক মধ্যস্থতাকারীদের সাথে লেনদেনের ক্ষেত্রে পুনর্বিক্রয়ের দাম নিয়ন্ত্রণ করা
- একজন প্রতিযোগী, সরবরাহকারী, বা ক্রেতার সাথে লেনদেনের ক্ষেত্রে সম্মিলিতভাবে প্রত্যাখ্যান করা
- একচেটিয়া লেনদেনের চুক্তি যেখানে একটি সংস্থা একটি ক্রেতাকে শুধুমাত্র সেই সংস্থার থেকে কিনতে, বা একটি সরবরাহকারীকে শুধুমাত্র তাকে বিক্রয় করতে বাধ্য করে।
- আবদ্ধ করার বন্দোবস্ত যেখানে একটি পণ্য কেনার শর্ত হিসাবে, দ্বিতীয় একটি, স্বতন্ত্র পণ্যও কিনতে একজন ক্রেতা বা সরবরাহকারীকে বাধ্য করা হয়
- "লুণ্ঠনমূলক দাম ধার্যকরণ," যেখানে একটি সংস্থা একটি ছাড়ের প্রস্তাব দেয় যার ফলস্বরূপ একটি পণ্যের দাম সেই পণ্যটির বিক্রয় মূল্যের থেকে কমে যায়, যেটির উদ্দেশ্য হল প্রতিযোগীদের বাজার থেকে হটিয়ে দেওয়ার মতো পর্যাপ্তরূপে দীর্ঘ সময় ধরে দামটিকে টিকিয়ে রাখা

এটি সর্বদা সুস্পষ্ট হয় না যে একটি কার্যকলাপ প্রতিযোগিতা-বিরোধী কিনা, তাই নির্দেশনার জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী, প্রতিযোগিতা আইন মান্যতা অফিসার (Competition Law Compliance Officer), বা আইন বিভাগের পরামর্শ নিন।

**প্রঃ** কলেজের সময় থেকে ঘনিষ্ঠ আমার একজন বন্ধু আমাদের একজন প্রতিযোগীর জন্য কাজ করে। গত সপ্তাহে, সে আমাদের সবচেয়ে বেশি বিক্রি হওয়া পণ্যগুলি জন্য প্রতিযোগিতাপূর্ণভাবে সংবেদনশীল তথ্য সম্পর্কে আমাকে জিজ্ঞাসা করেছিল। আমি বিষয়টি এড়িয়ে গিয়েছিলাম, কিন্তু এটি যদি আবার ঘটে সেক্ষেত্রে আমি কিছু নির্দেশনা পেতে চাই।

**উঃ** কোম্পানির যে কোনো প্রতিযোগীর সাথে প্রতিযোগিতাপূর্ণভাবে সংবেদনশীল তথ্য সম্পর্কে কথা বলা আপনি অবশ্যই সম্পূর্ণরূপে এড়িয়ে যাবেন। যদিও আমরা বুঝি যে, সামাজিক পরিস্থিতিতে, যথাযথভাবে আচরণ করা কখনো কখনো সমস্যাজনক হতে পারে, তবুও আপনার বন্ধুকে আপনার ব্যাখ্যা করে দেওয়া প্রয়োজন যে SEG নীতি প্রতিযোগীদের সাথে দাম বা বিক্রয়ের অন্যান্য শর্তগুলি সম্পর্কে কথা বলা আপনার ক্ষেত্রে কঠোরভাবে নিষিদ্ধ করে।

## আমরা ঘুষ দিই না বা নিই না

ঘুষ জনসমাজের প্রভূত ক্ষতিসাধন করে, এবং এটি কোম্পানির উল্লেখযোগ্য ক্ষতি সাধন করতে পারে। ঘুষের অন্তর্ভুক্ত হল একটি ব্যবসায়িক সিদ্ধান্তকে প্রভাবিত করা বা অযথাযথভাবে একটি ব্যবসায়িক সুবিধা নেওয়ার জন্য দামী কোনোকিছু দেওয়ার প্রস্তাব দেওয়া, প্রদান করা, বা গ্রহণ করা।

আপনি অবশ্যই, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, একটি ঘুষ নেওয়ার অনুমোদন, প্রস্তাব, প্রতিশ্রুতি, প্রদান, বা অনুরোধ করবেন না, বা নিতে সম্মত হবেন না বা গ্রহণ করবেন না।

ঘুষ সর্বদা নগদ অর্থপ্রদানকে অন্তর্ভুক্ত করে না। ঘুষ নানা রূপ ধারণ করতে পারে, যার অন্তর্ভুক্ত হল বিনোদন, অযথাযথ ছাড়, পরিবারের এমন একজন সদস্যকে নিয়োগ করা যার উপরে আপনি প্রভাব খাটাতে চান, বা এমনকি একটি ব্যবসায়িক সিদ্ধান্তকে প্রভাবিত করার জন্য দাতব্য অবদান দেওয়া। প্রাপকের কাছে একটি ঘুষ মূল্যবান যে কোনোকিছু হতে পারে। এছাড়াও, প্রস্তাব দেওয়া বা অর্থপ্রদান করা ঘুষের পরিমাণটি অপ্রাসঙ্গিক। আপনাকে যদি অর্থপ্রদান করতে বা দামী কোনোকিছু দিতে বলা হয় যা ঘুষ হতে পারে, তাহলে বিষয়টি অবিলম্বে আইন বিভাগের কাছে রিপোর্ট করুন।

অধিকাংশ দেশেরই আইন আছে যা সরকারী আধিকারিকদের ঘুষ দেওয়া নিষিদ্ধ করে। সরকারী-মালিকানাধীন সংস্থাগুলির (যেমন রাজ্যের মালিকানাধীন টেলিকমিউনিকেশন সংস্থা, শক্তিভিত্তিক সংস্থা, বা হাসপাতাল) কর্মচারীদের অধিকাংশ ঘুষ-বিরোধী আইনের অধীনে সরকারী আধিকারিক হিসাবে বিবেচনা করা হয়। অনেক দেশ ব্যক্তিবিশেষ বা বেসরকারী সংস্থাগুলিকে ঘুষ দেওয়া নিষিদ্ধ করে। কোম্পানি সকল পরিস্থিতিতে ঘুষ দেওয়াকে কঠোরভাবে নিষিদ্ধ করে, তা এটি সরকারী

আধিকারিক, একজন ব্যক্তিবিশেষ, বা অন্যান্য সংস্থা যাকেই অন্তর্ভুক্ত করুক না কেন। ঘুষ-বিরোধী আইন লঙ্ঘন করার ফলস্বরূপ আপনার এবং আমাদের কোম্পানির জন্য গুরুতর পরিণতি হতে পরে, যার অন্তর্ভুক্ত হল আমাদের সুনাম নষ্ট হওয়া, বড় অঙ্কের জরিমানা, এবং ব্যক্তিবিশেষের জন্য হাজতবাস। আপনার এমন কাজকর্মও এড়িয়ে চলা উচিত যা এমনকি অযথাযথ কোনোকিছুর পরামর্শ দেয়।

কোম্পানিকে এমন ঘুষের জন্য দায়ী ধার্য করা হতে পারে যেটি আমাদের কোম্পানির ব্যবসার সাথে সম্পর্কযুক্ত তৃতীয় পক্ষদের দ্বারা সম্পন্ন হয়েছে। আমাদের ব্যবসা সহযোগী ও প্রতিনিধিদের নির্বাচন করার ক্ষেত্রে আমাদের অবশ্যই যত্নশীল হতে হবে, এবং যেখানে যথাযথ, তাদের বেছে নিতে হবে যাতে সুনিশ্চিত করা যায় যে তারা আমাদের নামে ঘুষ দেওয়া-নেওয়া করে না। তৃতীয় পক্ষগুলির সাথে সম্পর্ক স্থাপন করার সময়ে আমাদের কোম্পানির প্রণালীগুলি মেনে চলুন। এবং, ব্যবসা সহযোগী বেআইনি বা অনৈতিক কাজকর্মে যুক্ত থাকতে পারে এমন একটি সতর্কতা সংকেত কখনো অবহেলা করবেন না। আপনি যদি অবগত থাকেন যে আমাদের ব্যবসা সহযোগীদের মধ্যে একজন ঘুষ দিচ্ছেন বা নিচ্ছেন, অথবা দিতে বা নিতে পারেন, তাহলে যোগ দেবেন না এবং আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী, ঘুষ প্রতিরোধ ম্যানেজার (Bribery Prevention Manager), বা আইন বিভাগকে যত শীঘ্র সম্ভব জানান।

সাধারণ কথায়, ছোটখাট ব্যবসায়িক সৌজন্য, যেমন ব্যবসা প্রচার বা চুক্তিভিত্তিক কার্যসম্পাদনের সাথে প্রত্যক্ষভাবে সম্পর্কযুক্ত আহারের জন্য যুক্তিসঙ্গত খরচগুলি নিষিদ্ধ নয়। তবে, সরকারী আধিকারিকদের জন্য আহার ও ব্যবসায়িক সৌজন্যের বন্দোবস্তটিকে নিয়ন্ত্রণকারী আইনগুলি জটিল, এবং এগুলি বিভিন্ন স্থানে বিভিন্ন হয়। মান্যতা সুনিশ্চিত করার জন্য, একজন সরকারী আধিকারিককে আহার, উপহার, বিনোদন, ভ্রমণের খরচ বা যে কোনো ধরনের ব্যবসায়িক সৌজন্য প্রদানের আগে আপনাকে অবশ্যই আপনার ঘুষ প্রতিরোধ ম্যানেজার এবং আইন বিভাগের কাছ থেকে অগ্রিম অনুমোদন পেতে হবে। আপনাকে অবশ্যই এই ধরনের খরচের নির্ভুল রেকর্ডও রাখতে হবে।

**প্রঃ** এমন কোনো সতর্কতা সংকেত আছে কি যা নির্দেশ করে যে আমাদের ব্যবসা সহযোগী বা প্রতিনিধি ঘুষ দেওয়া-নেওয়ার সাথে যুক্ত থাকতে পারেন?

**উঃ** হ্যাঁ, এমন কিছু "সতর্কতার সংকেত (red flags)" আছে যা যে কোনো ব্যবসা সহযোগী বা প্রতিনিধির সাথে আপনার ব্যবসায়িক লেনদেনের সময়ে আপনার নজর রাখা উচিত, যার অন্তর্ভুক্ত হল:

- ঘুষ ও দুর্নীতির বদনাম আছে এমন একটি দেশে ব্যবসায়িক লেনদেনটি সম্পন্ন হচ্ছে।
- ব্যবসা সহযোগী বা প্রতিনিধির কাজ সম্পাদন করার বা অনুরোধকৃত পরিষেবা প্রদান করার আবশ্যক দক্ষতা নেই।
- ব্যবসা সহযোগী বা প্রতিনিধি অর্থপ্রদানের অস্বাভাবিক শর্তগুলির অনুরোধ জানান যেমন বড় অঙ্কের অগ্রিম ফী, বা বলেন যে অন্য একটি দেশে থাকা একটি অ্যাকাউন্টে বা একজন ব্যক্তিকে অর্থপ্রদান করতে হবে।
- ব্যবসা সহযোগী বা প্রতিনিধি আমাদের চুক্তিতে থাকা ঘুষ-বিরোধী বিধানগুলিতে সম্মত হতে অস্বীকার করেন।
- ব্যবসা সহযোগী বা প্রতিনিধি আমাদের ব্যবসা সম্পর্কে সিদ্ধান্ত-গ্রহণের কর্তৃত্ব থাকা একজন সরকারী আধিকারিকের সাথে যুক্ত।

## উপহার ও বিনোদন

আপনি যখন কোম্পানির পক্ষ থেকে ব্যবসায়িক সিদ্ধান্তগুলি গ্রহণ করার সাথে যুক্ত থাকেন, তখন আপনার সিদ্ধান্ত অবশ্যই আপোসহীন, লক্ষ্যভিত্তিক বিচক্ষণতার উপরে ভিত্তিশীল হতে হবে। আপনার ব্যবসায়িক বিচক্ষণতা বা সিদ্ধান্তগুলি যদি উপহারের দ্বারা প্রভাবিত হতে পারে, বা প্রভাবিত হতে পারে বলে মনে হয় তাহলে কখনো উপহার বা অন্যান্য সুবিধাগুলি গ্রহণ করবেন না।

কোম্পানির সাথে ব্যবসারত ব্যক্তিদের থেকে আপনি অবশ্যই কখনো উপহার, বিনোদন, বা অন্য কোনো ব্যবসায়িক সৌজন্য চাইবেন না। পূর্বে লিখিত অনুমোদন ছাড়া নগদ বা নগদের সমতুল্য উপহার যেমন যে কোনো অঙ্কের গিফট কার্ড নিষিদ্ধ। ঘুষ বা কিকব্যাক (লেনদেন সহজতর করার জন্য বেআইনি অর্থপ্রদান) প্রকৃতির যে কোনো উপহার বা বিনোদন দেওয়া বা নেওয়া নিষিদ্ধ। ব্যক্তিবিশেষের প্রতি সম্মানজ্ঞাপনের আমাদের কোম্পানির মানদন্ডগুলির সাথে অসঙ্গতিপূর্ণ বিনোদন বা উপহারও আমরা কখনো দিই না বা নিই না।

অযাচিত উপহার বা ব্যবসায়িক সৌজন্য, আহার ও বিনোদন সহ, অনুমোদনযোগ্য হয় যদি সেগুলি রীতিভুক্ত ও সাধারণভাবে গৃহীত ব্যবসায়িক সৌজন্য হয়; অতিরিক্ত দামী বা ঘন ঘন না হয়; এবং প্রাপক উপহারটি স্বীকার করার দ্বারা কোনোভাবে বাধিত এমন একটি ব্যক্ত বা নিহিত বোঝাপড়া ব্যতীত দেওয়া বা নেওয়া হয়। ঘুষ প্রতিরোধ ম্যনেজারের অগ্রিম অনুমোদন ছাড়া অতি দামী বা অসরাচর প্রকৃতির উপহার দেওয়া বা নেওয়া উচিত নয়।

আমাদের অনেক সরবরাহকারী ও ক্রেতাদের নিজেদের উপহার ও বিনোদন নীতি আছে। অন্যান্য সংস্থার উপহার ও বিনোদন নীতি লঙ্ঘিত হয় এমন একটি উপহার বা বিনোদন জ্ঞাতসারে প্রদান বা গ্রহণ না করার ব্যপারে যত্নশীল হোন।

**প্রঃ** আমি ধন্যবাদ জানানোর জন্য আমাদের সেরা ক্রেতাদের মধ্যে একজনকে একটি বিশেষ উপহার দিতে চাই। আমার কাছে কিছু থিয়েটারের টিকিট আছে যা আমি জানি তিনি সমাদর করবেন, কিন্তু আমার মনে হয় সেগুলি গ্রহণ করা তার সংস্থার নীতি বিরুদ্ধ। তার যদি নীতিটি লঙ্ঘন করতে অসুবিধা না থাকে এবং তিনি যেতে চান, তাহলে কি আমি তাকে টিকিটগুলি দিতে পারি?

**উঃ** না। আপনি যদি জানেন যে একটি উপহার দেওয়া প্রাপকের সংস্থার নীতি লঙ্ঘন করবে, তাহলে আপনি উপহার দিতে পারবেন না। আপনি যদি নিশ্চিত না হন যে একটি উপহার অনুমোদনযোগ্য কিনা, তাহলে জিজ্ঞাসা করা আপনার উচিত। আমরা যেমন চাই যে অন্যরা আমাদের মানদন্ডগুলির প্রতি শ্রদ্ধাশীল হোন, ঠিক সেইরকমই আমরাও তাদেরটির প্রতি শ্রদ্ধাশীল হবো।

## সরকারের সাথে লেনদেন

উপহার ও বিনোদন, নিয়োগ, এবং এমনকি অন্যদের সাথে শুধুমাত্র যোগাযোগ করা সহ, ব্যবসার অনেক ক্ষেত্রেই সরকারী সংস্থা ও আধিকারিকদের সাথে আমাদের লেনদেনের ক্ষেত্রে ভিন্ন - এবং প্রায়শই অত্যন্ত কঠোর - নিয়মগুলি প্রযোজ্য হয়। বাণিজ্যিক ব্যবসার পরিবেশে যা গ্রহণযোগ্য তা সরকারের সাথে আমাদের লেনদেনের ক্ষেত্রে গ্রহণযোগ্য নাও হতে পারে।

এমন আইনগুলি আছে যা সরকারী আধিকারিক ও কর্মচারীদের উপহার, আহার, বিনোদন, ভ্রমণ, এবং অন্যান্য সুবিধাগুলি প্রদান করাকে নিয়ন্ত্রণ করে। আপনার ঘুষ প্রতিরোধ ম্যানেজার এবং আইন বিভাগের কাছ থেকে পূর্বে লিখিত অনুমোদন ছাড়া সরকারী আধিকারিক বা কর্মচারীদের বা তাদের পরিবারের সদস্যদের কোম্পানির ব্যবসার প্রসঙ্গে উপহার, আহার, বা দামী কোনোকিছু প্রদান করা আপনার পক্ষে নিষিদ্ধ। আমাদের কোম্পানিতে কাজ করার জন্য একজন সরকারী আধিকারিক বা তাদের পরিবারের সদস্যকে নিয়োগ করার ক্ষেত্রেও বিশেষ নিয়মগুলি প্রযোজ্য হয়। আপনি যদি একজন সরকারী আধিকারিক বা একজন সরকারী আধিকারিকের পরিবারের একজন সদস্যকে চাকরির প্রস্তাব দেওয়ার কথা বিবেচনা করতে থাকেন, তাহলে আপনি যে প্রযোজ্য আইন মেনে চলেন তা সুনিশ্চিত করার জন্য আপনাকে অবশ্যই প্রথমে আইন বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।

এছাড়াও, সরকারী আধিকারিক ও কর্মচারীদের সাথে আমাদের সকল যোগাযোগের ক্ষেত্রে, সকল বিবৃতি ও তথ্য আদানপ্রদান যে সত্য, সম্পূর্ণ ও নির্ভুল তা সুনিশ্চিত করা আমাদের পক্ষে গুরুত্বপুর্ণ। এছাড়াও আমাদের অবশ্যই সকল সময়ে যথাযথ অ্যাকাউন্টে খরচ, ও চার্জগুলি সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। এবং, যেখানে প্রযোজ্য, আমাদের অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে আমরা যেন সরকারের গোপনীয় ও সংবেদনশীল তথ্য পরিচালনার জন্য সকল আবশ্যকতাগুলি মেনে চলি।

## আন্তর্জাতিক বাণিজ্য

আমাদের কোম্পানি সারা বিশ্বব্যাপী ব্যবসা করে, এবং আমরা যেভাবে পণ্য আমদানি ও রপ্তানি করি তা সহ আমরা যেভাবে সীমানা জুড়ে ব্যবসা করি তা নিয়ন্ত্রণকারী সকল প্রযোজ্য আইন ও বিধিনিয়মগুলি আমরা মেনে চলি। আমরা এমন আইন ও বিধিনিয়মগুলিরও অধীন যা আমাদের কিছু দেশে বা নির্দিষ্ট কিছু ব্যক্তি বা সংস্থার সাথে ব্যবসা করা নিষিদ্ধ করে। যদি দেশগুলির মধ্যে, এমনকি যদি SEG অধীনস্থ সংস্থাগুলির মধ্যে পণ্য, পরিষেবা, বা প্রযুক্তি বিক্রয় বা স্থানান্তরিত করা আপনার দায়িত্বের অন্তর্ভুক্ত হয়, তাহলেও এই সকল স্থানের বর্তমান আইন ও কোম্পানির নীতি সম্পর্কে আপনার অবহিত থাকা এবং আপনার কোনো প্রশ্ন থাকলে তা আইন বিভাগের সাথে যাচাই করে নেওয়া উচিত।

## ইনসাইডার ট্রেডিং

আমরা সিকিওরিটি সংক্রান্ত সকল প্রযোজ্য আইনগুলি মেনে চলি। আপনার কাছে শেয়ারের উপরে প্রভাববিস্তারকারী জনসমক্ষে অপ্রকাশিত (কখনও কখনও "ইনসাইড ইনফরমেশন" বলা হয়) কোম্পানি সম্পর্কিত তথ্য থাকলে আপনি অবশ্যই কোম্পানির সিকিওরিটিগুলি কেনা বা বেচা করবেন না। এটি "ইনসাইডার ট্রেডিং" হিসাবে পরিচিত, এবং এটি বেআইনি। ইনসাইড ইনফরমেশন হল এমন তথ্য যা একজন বিনিয়োগকারী একটি সিকিওরিটি কেনা বা বেচার সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বলে মনে করবেন। উদাহরণের অন্তর্ভুক্ত হল আর্থিক ফলাফল, নতুন বা প্রদান না করা চুক্তি, পণ্য সংক্রান্ত তথ্য, বিক্রয়ের ফলাফল, এবং গুরুত্বপূর্ণ কর্মচারী পরিবর্তন। সিকিওরিটিগুলি কিনতে বা বেচতে পারেন এমন কাউকে এই ধরনের তথ্য প্রেরণ করাকে "টিপিং," বলা হয়, যেটিও বেআইনি। নিষেধাজ্ঞাটি SEG সিকিওরিটি এবং অন্যান্য সংস্থার সিকিওরিটিগুলির ক্ষেত্রে প্রযোজ্য হয় যদি আপনি SEG এর জন্য আপনার কার্যভার সম্পাদন করার সময়ে অন্যান্য সংস্থাগুলির (যেমন আমাদের সরবরাহকারী বা ক্রেতা) শেয়ারের উপরে প্রভাববিস্তারকারী জনসমক্ষে অপ্রকাশিত তথ্য জানতে পারেন।

**প্রঃ** আপনি আপনার চাকরির মাধ্যমে জানতে পারেন যে পরের কয়েক মাসের মধ্যে আমাদের কোম্পানির একটি আকর্ষণীয় প্রযুক্তি সংস্থা অধিগ্রহণ করার সম্ভাবনা আছে। আপনার ভাইকে কোনো বিশদ তথ্য না বলে, আপনি তাকে পরামর্শ দেন যে তিনি চাইলে প্রযুক্তি সংস্থাটিতে কিছু স্টক কিনতে পারেন। তাতে কি কোনো সমস্যা আছে?

**উঃ** হ্যাঁ, একটি সমস্যা আছে। এমনকি যদিও আপনি আপনার ভাইকে কোনো বিশদ তথ্য দেন নি, তবুও প্রযুক্তি সংস্থাটিতে তাকে স্টক কেনার পরামর্শ দিয়ে আপনি "টিপিং" এ যুক্ত হতে পারেন।

**প্রঃ** আমার কাজ সম্পাদন করার সময়ে আমি শুনেছিলাম যে আমাদের একজন করপোরেট ক্রেতা শীঘ্রই ঘোষণা করবে যে সে একটি বড় ঠিকা পাবে। আমি কি তাদের সংস্থায় স্টক কিনতে পারি?

**উঃ** না, কারণ এতে ক্রেতাটির অভ্যন্তরীণ তথ্য যুক্ত আছে, যেটি আমাদের কোম্পানির সাথে আপনার কাজ সম্পাদনের সময়ে আপনি পেয়েছিলেন।

## রাজনৈতিক অবদান ও কাজকর্ম

রাজনৈতিক কর্মকান্ডে আমাদের কোম্পানির অংশগ্রহণকে নিয়ন্ত্রণকারী সকল আইন আমরা মেনে চলি, সেইসকল আইনগুলি এর অন্তর্ভুক্ত যেগুলি রাজনৈতিক প্রার্থী ও দলগুলিতে আমরা অবদান দেব কিনা এবং কীভাবে দেব তা নিয়ন্ত্রণ করে এবং সরকারী পদক্ষেপকে প্রভাবিত করতে চায়। এই ক্ষেত্রটিতে আইনগুলি জটিল, এবং আমাদের কোম্পানি ব্যবসা পরিচালনা করে এমন বিভিন্ন স্থানে সেগুলি বিভিন্ন হয়। একজন রাজনৈতিক প্রার্থী বা দলকে সমর্থন করার ক্ষেত্রে আমাদের কোম্পানির সংস্থানগুলি ব্যবহার করার আগে, বা প্রণীত আইন বা সরকারী পদক্ষেপকে প্রভাবিত করার উদ্দেশ্যে আমাদের কোম্পানির পক্ষ থেকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে একজন সরকারী আধিকারিকের সাথে আপনি যোগাযোগ করার আগে আপনাকে অবশ্যই আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী, ঘুষ প্রতিরোধ ম্যানেজার, এবং আইন বিভাগের পরামর্শ নিতে হবে।

**প্রঃ** একজন ম্যানেজার আমাকে একজন রাজনৈতিক প্রার্থীকে অবদান দিতে বলেছিলেন। তিনি আমাকে বলেছিলেন যে কোম্পানি "আপনাকে এটি পুষিয়ে দেবে।" এটি কি অনুমোদিত?

**উঃ** না, এটি অনুমোদিত নয়। অনুরোধটি আপনার প্রত্যাখ্যান করা এবং এই বিধিতে বর্ণিত সংস্থানগুলি ব্যবহার করে বিষয়টি আপনার রিপোর্ট করা উচিত।

# কোম্পানির

প্রতি আমাদের অঙ্গীকার



## কোম্পানির বই ও রেকর্ড

আমাদের কোম্পানিতে, আমরা সকল ব্যবসায়িক নথিপত্রগুলিকে নির্ভুলভাবে, সৎভাবে, এবং যথাসময়ে সম্পূর্ণ করি, সকল ভ্রমণ ও খরচের রিপোর্টগুলি যার অন্তর্ভুক্ত। এছাড়াও আমরা রিপোর্ট ও নথিপত্রে সম্পূর্ণ, ন্যায্য, নির্ভুল, ও সময়োচিতভাবে সেইসকল প্রকাশগুলি করি যেগুলিকে আমাদের পর্যায়বৃত্ত আর্থিক রিপোর্টগুলি সহ সরকারী নিয়ন্ত্রকদের কাছে আমরা দাখিল করি। যখন প্রযোজ্য, নথিপত্রগুলিকে অবশ্যই যথাযথভাবে অনুমোদিত হতে হবে। আমরা প্রযোজ্য আইন ও হিসাবরক্ষণ কার্যাভ্যাসগুলি মেনে কোম্পানির আর্থিক কাজকর্মগুলি লিপিবদ্ধ করি। আমরা অবশ্যই কোম্পানির রেকর্ডে মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য প্রবিষ্ট করব না এবং লিপিবদ্ধ থাকা আবশ্যক এমন তথ্যকে কখনো আমাদের রেকর্ডগুলি থেকে বাদ দেব না।

এছাড়াও আমরা অবশ্যই আইন এবং কোম্পানির নীতি দ্বারা আবশ্যক সময়ের দৈর্ঘ্য জুড়ে ও উপায়ে কোম্পানির রেকর্ডগুলি রক্ষণাবেক্ষণ করব।

**প্রঃ** এটি হল রিপোর্ট করার ত্রৈমাসিক সময়কালের শেষ সপ্তাহ। আমার কর্মকর্তা নিশ্চিত করতে চান যে আমরা ত্রৈমাসিকটির জন্য আমাদের নম্বর পূরণ করি, তাই তিনি আমাকে একটি বিক্রয় লিপিবদ্ধ করতে বলেন, এমনকি যদিও নথিবদ্ধকরণ সম্পূর্ণ করা যাবে না। আমার মনে হয় এটি কারো ক্ষতি করবে না - তিনি যা বলেন তা কি আমার করা উচিত?

**উঃ** না, আপনার করা উচিত নয়। যদি না একটি নীতি অন্য কিছু প্রদান করে, তাহলে চুক্তিটি চূড়ান্ত হওয়ার পরেই শুধুমাত্র বিক্রয়গুলি রিপোর্ট করা উচিত। এই বিষয়টি আপনার আইন বিভাগ, অ্যাকাউন্টিং বিভাগকে, বা বিধিটিতে সনাক্ত করা অন্যান্য সহায়গুলির যে কোনোটির মাধ্যমে রিপোর্ট করা আপনার উচিত।

**প্রঃ** একজন সহকর্মী আপনাকে নির্দিষ্ট ইমেলগুলি ডিলিট করতে বলেন কারণ তিনি বিশ্বাস করেন যে একটি মামলা দায়ের করা হবে এবং ইমেলগুলি বিজড়িত করতে পারে। আপনি কি এটি করতে পারেন?

**উঃ** না। এটি আমাদের নীতি - এবং সম্ভাব্যরূপে - একটি আইনি বিবাদের সাথে প্রাসঙ্গিক রেকর্ডগুলিকে সংরক্ষণ করার সাথে সংশ্লিষ্ট আইনটিকে লঙ্ঘন করবে। এই বিধিতে বর্ণিত প্রণালীগুলি ব্যবহার করে আপনি অবশ্যই বিষয়টি রিপোর্ট করবেন।

## স্বার্থের সংঘাত

আমাদের কোম্পানিতে, আমাদের প্রত্যেকের সিদ্ধান্তগুলি নেওয়ার একটি দায়িত্ব আছে যা কোম্পানির সেরা স্বার্থের উপর ভিত্তি করে, বাইরের প্রভাবগুলির থেকে নিরপেক্ষভাবে কোম্পানিকে প্রভাবিত করে। একটি স্বার্থের সংঘাত ঘটে যখন আমাদের কোম্পানির জন্য উদ্দেশ্যপূর্ণ ও কার্যকরভাবে কাজ করার আপনার সামর্থ্যকে বাধা দেওয়ার সম্ভাবনা একটি ব্যক্তিগত স্বার্থের থাকে। আমাদের কোম্পানি ব্যবসা একটি সৎ ও নৈতিক উপায়ে সম্পন্ন করার আমাদের বাধ্যবাধকতার অন্তর্ভুক্ত হল এমন পরিস্থিতিগুলিকে যথাযথভাবে সামাল দেওয়া যা একটি স্বার্থের সংঘাত সৃষ্টি করে বা একটি সংঘাত বিদ্যমান থাকতে পারে অন্যদের মধ্যে এমন একটি ধারণা সৃষ্টি করে। আপনি যদি বিশ্বাস করেন যে আপনার একটি সংঘাত আছে, বা একটি সম্ভাব্য সংঘাত সম্পর্কে আপনার জানা থাকে, তাহলে এটি আপনার সুপারভাইজার, আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী, বা আইন বিভাগের কাছে অবিলম্বে প্রকাশ করা আপনার উচিত।

স্বার্থের সংঘাত দেখা দিতে পারে এমন প্রতিটি পরিস্থিতিকে বর্ণনা করা অসম্ভব হলেও, নিচে এমন কিছু ধরনের পরিস্থিতির উদাহরণ দেওয়া হল যেগুলি দ্বন্দ্ব সৃষ্টি করতে পারে এবং সেগুলিকে অবশ্যই প্রকাশ করতে হবে:

- ক্রেতা বা সরবরাহকারী সহ যে সকল সংস্থা আমাদের সাথে ব্যবসা করে বা করতে চায় তাদের মধ্যে, বা আমাদের প্রতিযোগীদের মধ্যে **আর্থিক স্বার্থ।** আমাদের ব্যক্তিগত আর্থিক বিনিয়োগকে আমরা অবশ্যই আমাদের কোম্পানির তরফে আমাদের স্বাধীন বিচক্ষণতাকে প্রভাবিত করার, বা প্রভাবিত হয় বলে মনে হওয়ার সুযোগ দেব না। এটি অনেক উপায়ে হতে পারে, কিন্তু সংঘাত দেখা দেওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি হয় যখন প্রতিযোগী, সরবরাহকারী, বা ক্রেতার কাছে আপনার একটি বিনিয়োগ থাকে এবং আমাদের কোম্পানির তরফে আপনার সিদ্ধান্তগুলি তৃতীয় পক্ষটিকে সুফল দিতে পারে।
- আমাদের কোম্পানির প্রতিযোগী, সরবরাহকারী, ক্রেতা, বা অন্যান্য ব্যবসা সহযোগীর কাছে **কর্মনিয়োগ**, বা এদের একজন উপদেষ্টা হওয়া।
- **একজন সরবরাহকারী, প্রতিনিধি, বন্টনকারী, বা ঠিকাদারের কাছে** আপনার, আপনার পরিবারের সদস্য, বা নিকট বন্ধুদের প্রত্যক্ষ বা পরোক্ষ মালিকানাধীন বা পরিচালনা করা **আমাদের কোম্পানির ব্যবসার নির্দেশনা দেওয়া**।
- **সংস্থাগত সুযোগ-সুবিধার,** অর্থ হল একটি ব্যবসায়িক সুযোগের ব্যক্তিগত সুবিধা নেওয়া যেটি সম্পর্কে আমাদের কোম্পানিতে আপনার কাজের সূত্রে আপনি অবহিত হয়েছিলেন।
- আমাদের কোম্পানিতে একজন **পরিবারের সদস্যকে** নিয়োগ করা, পদোন্নতি দেওয়া, বা তত্ত্বাবধান করা।
- এমন একটি সংস্থার **ডাইরেক্টরদের বোর্ড বা অন্যান্য উপদেষ্টা সমিতিতে** কাজ করা যেটি আমাদের কোম্পানির একজন প্রতিযোগী, ক্রেতা, বা সরবরাহকারী।

**প্রঃ** আমার বৌদির একটি সংস্থা আছে যেটি আমাদের কোম্পানির সরবরাহকারী হতে চায়। তারা সেরা দামে সেরা পরিষেবার প্রস্তাব দেয়, এবং আমি তার সংস্থাকে যুক্ত করতে চাই। এটি কি একটি স্বার্থের সংঘাত?

**উঃ** এটি হতে পারে, এমনকি যদিও আপনি মনে করেন যে আপনার বৌদির সংস্থা তার প্রতিযোগীদের তুলনায় আমাদের কোম্পানির জন্য বেশি ভাল মান প্রদান করবে। এই পরিস্থিতিটি আপনার সুপারভাইজার বা স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারীর কাছে প্রকাশ করা আপনার উচিত। আপনার বৌদির সংস্থার সাথে ব্যবসা করা হবে কিনা এই সিদ্ধান্তটিতে আপনার যুক্ত থাকা বা এটিকে প্রভাবিত করা আপনার উচিত নয়। এবং, আপনার বৌদির সংস্থা যদি একটি সরবরাহকারী হয়ে যায়, তাহলে সরবরাহকারী সম্পর্কে একটি সিদ্ধান্ত-গ্রহণকারী বা তত্ত্বাবধানকারী পদে আপনার থাকা উচিত নয় এবং আমাদের কোম্পানি ও সরবরাহকারীর মধ্যে থাকা সম্পর্কটির উপরে কোনো প্রভাব খাটানো থেকে আপনার বিরিত থাকা উচিত।

## কোম্পানির সম্পত্তির সুরক্ষাদান ও যথাযথ ব্যবহার এবং জালিয়াতি প্রতিরোধ

আমাদের কোম্পানির সম্পত্তিকে সুরক্ষা দেওয়া, এবং জালিয়াতি ও চুরি প্রতিরোধ করা ও রিপোর্ট করার কর্তব্য আমাদের প্রত্যেকের আছে। জালিয়াতি, চুরি, অসাবধানতা, এবং অপচয় আমাদের কোম্পানির লাভজনকতার উপরে একটি প্রত্যক্ষ প্রভাব ফেলে। কোম্পানির সময়, উপকরণ, সামগ্রী, সংস্থান, এবং মালিকাধীন তথ্য সহ কোম্পানির সম্পত্তি অবশ্যই শুধুমাত্র ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করতে হবে, অনুমোদন নিয়ে ব্যবহার করা যার ব্যতিক্রম। আপনি কোম্পানি ছেড়ে চলে যাওয়ার সময়ে, কোম্পানির সকল সম্পত্তি অবশ্যই কোম্পানির কাছে ফিরিয়ে দিতে হবে।

**প্রঃ** আমার স্ত্রীয়ের ক্যাটারিং ব্যবসা সম্পর্কে আমি কি আমাদের সরবরাহকারীদের তথ্য দিতে পারি?

**উঃ** না। আমাদের সরবরাহকারীদের আপনার স্ত্রীয়ের ক্যাটারিং ব্যবসা সম্পর্কে তথ্য প্রদান করার অনুমতি নেই কারণ ব্যক্তিগত ব্যবসায়িক উদ্দেশ্যে কোম্পানির সংস্থান (আমাদের সরবরাহকারীদের তালিকা) ব্যবহার করা এটির অন্তর্ভুক্ত হবে। আমাদের সরবরাহকারীরা আপনার স্ত্রীয়ের সংস্থার সাথে ব্যবসা করার বাধ্যবাধকতা অনুভব করতে পারে, এবং এটি আমাদের কোম্পানির সাথে আমাদের সরবরাহকারীদের সম্পর্ককে প্রভাবিত করতে পারে।

## গোপনীয় তথ্য ও অন্যান্য মেধা স্বত্ব

ক্রেতাদের সহ আমাদের কোম্পানির ও তৃতীয় পক্ষগুলির গোপনীয় তথ্যকে সুরক্ষাদান করার একটি দায়িত্ব আমাদের সকলের আছে। আমরা কোম্পানির ভেতরে বা বাইরে কারো কাছে গোপনীয় তথ্য প্রকাশ করি না যদি না আমরা বৈধ কারণে বাধ্য হই এবং তা করার জন্য যথাযথভাবে অনুমোদিত হই। অন্যদের দ্বারা করা চুরি বা অপব্যবহারের বিরুদ্ধে এই ধরনের তথ্যকে নিরাপত্তা দেওয়ার জন্য আমরা কোম্পানির নীতিগুলি মেনে চলি। গোপনীয় তথ্যের অন্তর্ভুক্ত হল জনসমক্ষে অপ্রকাশিত সকল তথ্য যা প্রতিযোগীদের কাজে লাগতে পারে, বা প্রকাশিত হলে আমাদের কোম্পানি, এটির ক্রেতা এবং অন্যান্য তৃতীয় পক্ষগুলির পক্ষে ক্ষতিকর হতে পারে। গোপনীয় তথ্যের উদাহরণের অন্তর্ভুক্ত হল

- আর্থিক তথ্য
- ট্রেড সিক্রেট ও নো-হাউ
- অধিগ্রহণ ও অধিকারচ্যুত হওয়ার সুযোগগুলি
- ক্রেতা ও সরবরাহকারী সংক্রান্ত তথ্য
- আমাদের কর্মচারীদের তথ্য
- বিপণন পরিকল্পনা

কোম্পানির কাছে আপনি চাকরি সমাপ্ত হওয়ার পরেও তথ্যকে গোপনীয় হিসাবে বিবেচনা করার আপনার বাধ্যবাধকতা বজায় থাকে, এবং আপনি আপনার প্রাক্তন সংস্থার গোপনীয় তথ্যও আপনার কোম্পানির কাছে প্রকাশ করতে পারবেন না। এছাড়াও, আমরা অন্যদের গোপনীয় তথ্য পাওয়ার জন্য বেআইনি বা অনৈতিক উপায় (যেমন চুরি, গুপ্তচরবৃত্তি, বা মিথ্যা বর্ণনা দেওয়া) অবলম্বন করব না।

এছাড়াও আমরা আমাদের কোম্পানি ও অন্যান্য সংস্থাগুলির মেধা স্বত্বের প্রতি সম্মান দেখাই ও তা সুরক্ষিত রাখি। পেটেন্ট, কপিরাইট, ট্রেডমার্ক, এবং মেধা স্বত্বের অন্যান্য প্রকারগুলিকে লঙ্ঘন করবেন না, এবং মেধা স্বত্ব সুরক্ষিত করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করুন। আপনার যদি মেধা স্বত্ব সম্পর্কে কোনো প্রশ্ন থাকে, তাহলে আইন বিভাগ এবং মেধা স্বত্ব বিভাগের (Intellectual Property Department) পরামর্শ নিন।

**প্রঃ** একজন প্রাক্তন সহকর্মী আমার কাছে একটি গোপনীয় রিপোর্ট চেয়েছিলেন যেটি তিনি যখন আমাদের কোম্পানিতে চাকরি করতেন তখন তিনি প্রস্তুত করেছিলেন। আমি কি এটি প্রদান করতে পারি?

**উঃ** না। কারণটি হল আপনার প্রাক্তন সহকর্মী যখন আমাদের কোম্পানিতে চাকরি করতেন তখন রিপোর্টটি সৃষ্টি করতে তিনি পূর্বে যে অবদান দিয়েছিলেন তার অর্থ এই নয় যে তার এখন একটি কপি পাওয়ার অনুমতি আছে। এই অনুরোধটির প্রতি কীভাবে সাড়া দেওয়া যায় সে সম্পর্কে আপনার সুপারভাইজারের সাথে আপনার কথা বলা উচিত।

## ইন্টারনেট এবং তথ্য আদানপ্রদান প্রযুক্তির ব্যবহার

আমাদের অনেকেরই আমাদের কাজের ক্ষেত্রে ইন্টারনেট বা পার্সোনাল কম্পিউটার ও ফোন পাওয়ার সুযোগ আছে। কর্মস্থলে প্রযুক্তিগত উপকরণগুলির ব্যক্তিগত ব্যবহার মাঝে মাঝে অনুমোদিত হলেও, আমাদের কোম্পানির সুনাম ও ব্যবসায়িক তথ্য সুরক্ষিত রাখার ব্যাপারে যত্নশীল হোন। কখনো সামাজিক গণমাধ্যমে সহ ইন্টারনেটে এমন মন্তব্য পোস্ট করবেন না, যেগুলি অন্যদের বদনাম করে, হয়রান করে বা ভয় দেখায়। এবং কোম্পানির তরফ থেকে মন্তব্য পোস্ট করবেন না যদি না তা করার জন্য আপনি বিশেষভাবে অনুমোদিত হন।

কোম্পানির প্রযুক্তিগত সংস্থানগুলি ব্যবহার করার সময়ে আমাদের কোম্পানির সকল নীতি আপনার মেনে চলা উচিত। আপনার কম্পিউটার ও অন্যান্য প্রযুক্তিগত সংস্থানগুলি সুরক্ষিত করার জন্য সকল আবশ্যক পদক্ষেপ গ্রহণ করা আপনার পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার যদি এটি বিশ্বাস করার কোনো কারণ থাকে যে আপনার পাসওয়ার্ড বা কোম্পানির একটি কম্পিউটার, টেলিফোন, বা অন্যান্য প্রযুক্তিগত সংস্থানের সুরক্ষা কোনোভাবে বিঘ্নিত হয়েছে, তাহলে আপনি অবশ্যই অবিলম্বে আপনার পাসওয়ার্ড পরিবর্তন করবেন এবং ঘটনাটি, যদি জাপানে ঘটে, তাহলে প্রধান সুরক্ষা ম্যানেজার (Chief Security Manager) বা সাইবার সুরক্ষা সংক্রান্ত ঘটনার সহায়তা ডেস্ক (Cyber Security Incident Help Desk) এর কাছে, বা, জাপানের বাইরে ঘটলে, আপনার সংশ্লিষ্ট তথ্য প্রযুক্তি বিভাগে রিপোর্ট করবেন।

কোম্পানির কম্পিউটারে সঞ্চিত সকল ব্যক্তিগত ফাইলগুলি কোম্পানির সম্পত্তি। প্রযোজ্য আইনের দ্বারা অনুমোদনের সীমা পর্যন্ত, কোম্পানি ই-মেল মেসেজগুলি সহ, এটির কম্পিউটারে এবং তথ্য আদানপ্রদান সংস্থানগুলিতে সঞ্চিত বা এগুলিতে প্রেরিত সকল ফাইলগুলি পর্যালোচনা করতে পারে।

**প্রঃ** আমি ছুটিতে যেতে চলেছি তাই আমার সুপারভাইজার আমাকে আমার কম্পিউটারের পাসওয়ার্ড জিজ্ঞাসা করেছিলেন। এটি কি ঠিক আছে?

**উঃ** না। এমন কোনো ব্যবসায়িক কারণ নেই যার জন্য আপনাকে আপনার পাসওয়ার্ড আপনার সুপারভাইজারকে প্রদান করতে হবে।

## গণমাধ্যম ও অন্যান্যদের সাথে যোগাযোগ করা

আমাদের কোম্পানি প্রায়শই গণমাধ্যম, আর্থিক বিশ্লেষক, এবং অন্যান্যদের তথ্য দেওয়ার অনুরোধ পায়। আমাদের লক্ষ্য হল নির্ভুলভাবে, সঙ্গতিপূর্ণভাবে এবং সরকারী সংস্থাগুলি সম্পর্কে ন্যায্যভাবে তথ্য প্রকাশ সম্পর্কিত সুরক্ষা আইনগুলি অনুযায়ী তথ্য আদানপ্রদান করা।

আপনি যদি কোম্পানির একজন বিধিবদ্ধ মুখপাত্র না হন, তাহলে আপনি গণমাধ্যম, সিকিওরিটি বিশ্লেষক, শেয়ারহোল্ডারদের সাথে, সামাজিক গণমাধ্যমে, বা অন্য কোথাও কোম্পানির একজন প্রতিনিধি হিসাবে তথ্য আদানপ্রদান করবেন না যদি না তা করার জন্য জন সম্পর্ক বিভাগ (Public Relations Department) আপনাকে বিশেষ অনুমোদন দেয়। আপনি নিজে থেকে গণমাধ্যমের কোনো প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা করবেন না, এমনকি যদি আপনি মনে করেন আপনি উত্তরটি জানেন তাহলেও। গণমাধ্যম, আর্থিক সমাজ, শেয়ারহোল্ডার, বা জনগণের কাছ থেকে আসা কোম্পানি সম্পর্কিত আর্থিক বা অন্যান্য তথ্যের অনুরোধগুলি জন সম্পর্ক বিভাগের কাছে পাঠানো উচিত। নিয়ন্ত্রক বা সরকারের কাছ থেকে আসা তথ্যের অনুরোধগুলি আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী এবং আইন বিভাগের কাছে পাঠানো উচিত।

**প্রঃ** আমি অন-লাইনে একটি প্রবন্ধ পড়ছিলাম যেটিতে আমাদের ব্যবসা সম্পর্কে মিথ্যা তথ্য আছে। আমি প্রতিক্রিয়া জানাতে চাই। আমি কি পারি?

**উঃ** প্রবন্ধটির প্রতি আপনার প্রতিক্রিয়া জানানো উচিত নয় যদি না জন সম্পর্ক বিভাগ আপনাকে তা করার অনুমোদন দিয়ে থাকে। পরিবর্তে প্রবন্ধটি জন সম্পর্ক বিভাগ বা আইন বিভাগের কাছে উল্লেখ করা আপনার উচিত, যারা কোম্পানির পক্ষ থেকে প্রতিক্রিয়া জানাতে পারে।

# আমাদের মানুষ ও আমাদের পরিবেশের

প্রতি আমাদের অঙ্গীকার



## একে অপরের প্রতি সম্মান দেখানো

আমরা একে অপরের প্রতি যেভাবে আচরণ করি তা আমরা যেভাবে কাজ করি তাকে প্রভাবিত করে। আমরা সকলে এমন একটি কর্মস্থল চাই বা আশা করি যেখানে আমাদের প্রতি সম্মানজনক আচরণ করা হয়। এই ধরনের একটি পরিবেশ সৃষ্টি করায় অবদান নেওয়ার একটি দায়িত্ব আমাদের প্রত্যেকের আছে এবং সততা, ন্যায়পরায়ণতা, সম্মান, ও বিশ্বাসকে সমর্থন করে এমন একটি কর্মস্থল পরিপালন করার একটি বিশেষ দায়িত্ব সুপারভাইজারদের আছে।

## বৈষম্য এবং হয়রানি বিরোধী

আমাদের কোম্পানিতে, আমরা বৈচিত্র্য ও অন্তর্ভুক্তিকে একটি বিশ্বজনীন সংস্থা হিসাবে আমাদের সাফল্যের একটি চাবিকাঠি হিসাবে মূল্য দিই, সমর্থন করি, এবং সম্মান জানাই। এই কারণে, আমরা বংশ, জাতি, জাতীয় উৎস, ধর্ম, বয়স, লিঙ্গ, লিঙ্গ পরিচিতি, যৌন ঝোঁক, অক্ষমতা, বা প্রযোজ্য আইন দ্বারা সুরক্ষিত অন্য কোনো বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে বৈষম্য করি না। নির্দিষ্ট কিছু আক্রমণাত্মক রসিকতা, মন্তব্য, ছবি, ভঙ্গি, বা একটি সুরক্ষিত বৈশিষ্ট্য সম্পর্কিত স্পর্শ হয়রানি সৃষ্টি করতে পারে, যা আমাদের কোম্পানি সহ্য করে না।

**প্রঃ** আমার দলের অন্য কর্মচারীদের কেউ কেউ আমার শারীরিক চেহারা নিয়ে রসিকতা করে। আমি জানি যে তাদের ক্ষতি করার উদ্দেশ্য নেই, কিন্তু রসিকতাটি আমাকে কষ্ট দেয় এবং আমি তাদের থামতে বলেছি। তারা এই বলে সাড়া দিয়েছিল যে আমার রসবোধের উন্নতি ঘটানো আমার উচিত। আমার কী করা উচিত?

**উঃ** মানব সম্পদ (Human Resources), আইন বিভাগ, বা আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারীকে আপনার জানানো উচিত। আপনি যে "রসিকতার" বর্ণনা দেন তা আমাদের কোম্পানির কাছে মজাদার নয়। পরিবর্তে এটি ন্যায্যতা, সম্মান ও মর্যাদার প্রতি আমাদের অঙ্গীকারের একটি লঙ্ঘন হতে পারে।

**প্রঃ** আপনি আমাদের কোম্পানির অন্য একটি অংশে চাকরির জন্য আবেদন করতে চান, কিন্তু আপনাকে বলা হয়েছিল যে পদটির সুপারভাইজার মনে করেন যে ভূমিকাটি একজন তরুণ পুরুষ কর্মচারীর দ্বারা পূরিত হওয়া উচিত। এটি কি মেনে নেওয়ার যোগ্য?

**উঃ** না। নিয়োগ সংক্রান্ত সিদ্ধান্তকে প্রভাবিত করার ক্ষেত্রে কোম্পানি বয়স, লিঙ্গ, বা আইনের দ্বারা সুরক্ষিত অন্য কোনো বিভাগ সম্পর্কে বৈষম্যমূলক মনোভাব অনুমোদন করে না। এই বিধিতে সনাক্ত করা অন্যান্য সহায়গুলির যে কোনোটির কাছে বিষয়টি রিপোর্ট করা আপনার উচিত।

## কর্মচারীর গোপনীয়তা ও ব্যক্তিগত তথ্য

আমরা সকল ব্যক্তির গোপনীয়তা ও মর্যাদাকে সম্মান করি। আমাদের কোম্পানি এমন ব্যক্তিগত তথ্য সংগ্রহ ও রক্ষণাবেক্ষণ করে যা আপনার কর্মনিয়োগের সাথে সম্পর্কযুক্ত, যার অন্তর্ভুক্ত হল চিকিৎসা ও সুবিধা সংক্রান্ত তথ্য। সংস্থাগুলি কীভাবে "ব্যক্তিগত তথ্য" সংগ্রহ, সঞ্চয়, এবং ব্যবহার করে তা অনেক দেশই নিয়ন্ত্রণ করে, যার অন্তর্ভুক্ত হল ব্যক্তিবিশেষের নাম, ঠিকানা, এবং অন্যান্য তথ্য। একটি বৈধ ব্যবসায়িক উদ্দেশ্যের জন্য এই ধরনের তথ্য জানার প্রয়োজন আছে কোম্পানির এমন কর্মচারীদের মধ্যে ব্যক্তিগত তথ্য প্রাপ্তি সীমিত রাখার জন্য বিশেষ যত্ন নেওয়া হয়। যে সকল কর্মচারী ব্যক্তিগত তথ্য রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বশীল এবং যাদের এই ধরনের তথ্যপ্রাপ্তির অধিকার দেওয়া হয়েছে তারা অবশ্যই প্রযোজ্য আইন বা কোম্পানির নীতিগুলি লঙ্ঘন করে ব্যক্তিগত তথ্য প্রকাশ করবেন না।

আপনার কাজের সাথে সম্পর্কযুক্ত কোম্পানির ওইসকল নীতি ও প্রযোজ্য আইন ও বিধিনিয়মের সাথে পরিচিত হওয়া এবং সেগুলি মেনে চলা আপনার উচিত।

**প্রঃ** আপনি জানতে পারেন যে একজন সহকর্মী অন্যান্য কর্মচারীদের বাড়ির ঠিকানা ও ফোন নম্বরগুলি পাওয়ার চেষ্টা করছেন যাতে একটি সামাজিক অনুষ্ঠান সম্পর্কে তাদের জানানো যায়। আপনার কি কিছু করা উচিত?

**উঃ** সহকর্মীটিকে আপনার ব্যাখ্যা করা উচিত যে তিনি এইসকল উদ্দেশ্যে তথ্য পেতে বা ব্যবহার করতে পারবেন না। আপনি যদি বিশ্বাস করেন যে তিনি তবুও এটি করার চেষ্টা করতে পারেন, তাহলে আপনার সুপারভাইজার, মানব সম্পদকে, বা এই বিধিতে তালিকাভুক্ত অন্যান্য প্রণালীগুলি ব্যবহার করে বিষয়টি আপনার রিপোর্ট করা উচিত।

## কর্মস্থলের নিরাপত্তা

কোম্পানি আমাদের কর্মচারীদের সুস্থ রাখার এবং কর্মচারীরা যাতে একটি নিরাপদ কর্মস্থল উপভোগ করেন তা সুনিশ্চিত করার প্রতি অঙ্গীকারবদ্ধ, এবং আমরা সকলে সেই দায়িত্বের ভাগ নিই। নিরাপত্তার সকল নির্দেশিকার সাথে পরিচিত থাকা এবং সেগুলি মেনে চলা এবং যে কোনো অনিরাপদ কর্মস্থলের পরিস্থিতি বা কর্মস্থলের দুর্ঘটনা সম্পর্কে রিপোর্ট করা আপনার উচিত। অন্য একজন ব্যক্তির প্রতি মৌখিক বা শারীরিক হিংসাপূর্ণ কোনো কাজ বা হুমকি বা কোম্পানির সম্পত্তির কোনো অপব্যবহার সম্পর্কে সুরক্ষাকর্মী, আপনার সুপারভাইজার, বা কোম্পানির অন্যান্য যথাযথ সহায়কদের অবিলম্বে রিপোর্ট করা আপনার উচিত।

আপনি অবশ্যই অননুমোদিত বা বেআইনি মাদক বা মদজাত পানীয়ের প্রভাবের অধীনে কাজে রিপোর্ট করবেন না বা কাজ করবেন না। কোনো কর্মচারী কর্মস্থলে অস্ত্র নিয়ে আসতে পারবেন না (শুধুমাত্র প্রযোজ্য আইনের অধীনে যেমন প্রদত্ত হয় সেগুলি ছাড়া)।

**প্রঃ** একটি সময়সীমা অনুযায়ী কাজ শেষ করার জন্য আমার সুপারভাইজার আমাকে কিছু আবশ্যক নিরাপত্তা পরীক্ষা বাদ দিয়ে যেতে বলেছিলেন। আমার কী করা উচিত?

**উঃ** এইসকল প্রণালীগুলি বাদ দেবেন না। আপনাকে যেই কেন না কোনকিছু করতে বলুন আপনি যদি জানেন যে এটি ভুল, তাহলে এটি করবেন না। আপনি যদি সুপারভাইজারের সাথে এটি নিয়ে আলোচনা করতে অস্বাচ্ছন্দ্যবোধ করেন, তাহলে আপনার সুপারভাইজারের সুপারভাইজার, আইন বিভাগ বা এই বিধিতে সনাক্ত করা অন্যান্য সহায়গুলির যে কোনোটির সাথে যোগাযোগ করুন।

## গুণমান

আমাদের কোম্পানি অবিচলিতভাবে উচ্চ গুণমানসম্পন্ন পণ্য ও পরিষেবা প্রদান করার প্রতি অঙ্গীকারবদ্ধ। গুণমানের প্রতি এই অঙ্গীকার আমাদের সংস্থার প্রতিটি অংশ জুড়ে সম্প্রসারিত হয় - প্রতিটি ব্যবসায় এবং প্রতিটি অবস্থানে।

**প্রঃ** কয়েকটি নিয়ন্ত্রিত পদার্থ বর্জন করার জন্য আমরা একজন ঠিকাদারকে ব্যবহার করি। তাদের কর্মচারীদের কাছ থেকে শোনা কিছু মন্তব্যের উপর ভিত্তি করে, আমি মনে করি যে তারা হয়ত এইসকল পদার্থগুলি আইনসম্মতভাবে বর্জন করছেন না। যেহেতু ইনি একজন ঠিকাদার যিনি মেনে চলেন না, তাই এটি কি আমাদের কাছে গুরুত্বপূর্ণ?

**উঃ** হ্যাঁ, এটি গুরুত্বপূর্ণ। ঠিকাদার যা করছে তা আমাদের কোম্পানির জন্য দায়বদ্ধতা সৃষ্টি করতে পারে, এবং, এমনকি যদি সেক্ষেত্রে কোনো আইনি দায়বদ্ধতা না থাকে, তাহলে তাসত্ত্বেও এটি গুরুত্বপূর্ণ হবে। আমাদের একজন ব্যবসা সহযোগী মেনে চলেন না তা মনে করার কারণ যদি আপনার থাকে তাহলে অপরের ভুল কাজ ইচ্ছাকৃতভাবে উপেক্ষা করবেন না। আপনার সুপারভাইজার, আপনার স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারী, আইন বিভাগ বা এই বিধিতে সনাক্ত করা অন্যান্য সহায়গুলির যে কোনোটির সাথে কথা বলুন।

## পরিবেশগত মান্যতা


আমাদের কোম্পানি পরিবেশগত ন্যস্ত দায়িত্ব পালন ও আমাদের কাজকর্মের পরিবেশগত প্রভাব হ্রাস করার প্রতি অঙ্গীকারবদ্ধ। আমরা সকল প্রযোজ্য পরিবেশগত আইন মেনে চলি। আমাদের চাকরির ক্ষেত্রে প্রযোজ্য পরিবেশগত দায়িত্বগুলি জানা, এবং ওইসকল দায়িত্বগুলি অনুসারে ব্যবসা পরিচালনা করার জন্য আমরা প্রত্যেকে দায়িত্বশীল আছি।

## মানবাধিকার


আমরা যে সকল জনসমাজে কাজ করি সেগুলির সবকটিতে মানবাধিকার সমর্থন করা ও এগিয়ে নিয়ে যাওয়ার প্রতি আমাদের কোম্পানি অঙ্গীকারবদ্ধ। আমরা শিশু ও ক্রীতদাস শ্রমের বিরোধিতা করি, এবং আমরা প্রত্যেকের সাথে মর্যাদা ও সম্মান সহকারে আচরণ করি। আমরা আমাদের ঠিকাদার ও সরবরাহকারীদেরও মানবাধিকার সমর্থন করার ও এগিয়ে নিয়ে যাওয়ার উৎসাহ দিই। আমরা তাদের সাথে কাজ করা পছন্দ করি যারা কোম্পানির মূল্যবোধগুলিকে ভাগ করে নেন এবং সক্রিয়ভাবে সমর্থন করে।

## আমি একটি নৈতিক উভয়সঙ্কটের সম্মুখীন হচ্ছি।


# আমি কোথায় যেতে পারি?



আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করতে ও নির্দেশনা চাইতে উৎসাহ দেওয়া হয়। আমাদের সকলের সোচ্চার হওয়ার এবং আমরা যে আচরণগুলিকে বেআইনি, অনিরাপদ, বা অনৈতিক বলে বিশ্বাস করি যেগুলি সম্পর্কে রিপোর্ট জানানোর দায়িত্ব আছে। উদ্বেগ উত্থাপন করা কোম্পানি এবং আমাদের কর্মচারী উভয়কেই সুরক্ষিত করে। আপনার নির্দেশনা চাওয়া বা উদ্বেগ উত্থাপন করার কয়েকটি উপায় আছে। যারা সৎ বিশ্বাসে প্রশ্ন ও উদ্বেগগুলিকে সম্মুখে নিয়ে আসেন তাদের বিরুদ্ধে প্রতিহিংসা নেওয়া কোম্পানিটি নিষিদ্ধ করে।




**মানব সম্পদের**
সাথে যোগাযোগ করুন



একজন
**স্থানীয় মান্যতা সংক্রান্ত সংযোগকারীর**
থেকে নির্দেশনা চান



**আইন বিভাগের**
সাথে যোগাযোগ করুন



**আপনার সুপারভাইজারের**
সাথে কথা বলুন

অনলাইনে একটি রিপোর্ট জমা দিন,
হটলাইনে ফোন করুন, বা ইমেল করুন:

**http://global-sei.com/company/compliance-hotlines.html**

টীকা

টীকা

**সুমিতোমো ইলেকট্রিক গ্রুপের আচরণ বিধি (Code of Conduct)**

মান্যতা কমিটি (Compliance Committee), সুমিতোমো ইলেকট্রিক ইন্ডাস্ট্রিজ, লিমিটেড
(অফিস: মান্যতা দল, মান্যতা ও ঝুঁকি পরিচালন দপ্তর)
এপ্রিল 2018, প্রথম প্রকাশন, আচরণ বিধি (Code of Conduct)

Sumitomo Electric Industries, Ltd.

Sumitomo Electric Industries, Ltd.
4-5-33 Kitahama, Chuo-ku
Osaka 541-0041, Japan

http://global-sei.com